



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৬ এপ্রিল ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি-ফটিকছড়ি সীমান্তে ঘরমুখি পাহাড়ি কর্মজীবী

নারী-পুরুষের উপর হামলার প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক ও গণতান্ত্রিক যুব ফোরামের সভাপতি অংগ্য মারমা আজ বৃহস্পতিবার ১৬ এপ্রিল ২০২০ এক বিবৃতিতে জেলার ফটিকছড়ি সীমান্তে নয়াবাজার আর্মি ক্যাম্প চেকপোস্ট এলাকায় ঘরমুখি পাহাড়ি কর্মজীবী নারী পুরুষের উপর নির্বিচার হামলাকে চরম অমানবিক ও মধ্যযুগীয় বর্বরতা বলে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি আরও বলেন, ‘ঢাকা, চট্টগ্রাম ও কুমিল্লাসহ দেশের বিভিন্ন এলাকায় চাকুরীতে নিয়োজিত উক্ত পাহাড়িরা অর্থাভাবের কারণে করোনভাইরাসের সংক্রমণের ঝুঁকি নিয়ে বাড়ি ফিরছিলেন। কিন্তু পথে জেলা সীমান্তে আটকিয়ে পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা তাদেরকে বেধড়ক লাঠিপেটা করে। এতে বেশ কয়েকজন আহত হয়েছেন।’

করোনভাইরাস পরিস্থিতি মোকাবিলায় সরকারের চরম পরিকল্পনাহীনতা, অদক্ষতা ও অব্যবস্থাপনার কারণে দেশে লকডাউনের মধ্যেও উক্ত পাহাড়িরা নিজ নিজ এলাকায় ফিরতে বাধ্য হচ্ছেন মন্তব্য করে ইউপিডিএফ নেতা বলেন, ‘তাদেরকে আটকিয়ে একত্র করে বলপ্রয়োগ করে জেলার ভেতরে ঢুকতে না দেয়া সমস্যার সমাধান হতে পারে না, বরং এতে ভাইরাস সংক্রমণের ঝুঁকি আরও বেশী বেড়ে গেছে।’

তিনি অভিযোগ করে বলেন তিন জেলায় প্রবেশে নিষেধাজ্ঞা সত্ত্বেও কোন কোন ক্ষেত্রে পুলিশ উৎকোচ নিয়ে লোকজনকে ঢুকতে দিচ্ছে, যা আরও অনেক পাহাড়িকে লকডাউন উপেক্ষা করে বাড়ি ফিরতে উৎসাহিত করছে।

অংগ্য মারমা আটকিয়ে রাখা পাহাড়িদেরকে জেলার বিভিন্ন উপজেলায় নির্দিষ্ট স্থানে প্রশাসনিক ব্যবস্থাপনায় কোয়ারেন্টিনে রাখার দাবি জানিয়েছেন। এছাড়া তিনি ঢাকা, চট্টগ্রাম ও কুমিল্লাসহ দেশের সমতল জেলায় অবস্থানরত বা আটকে পড়া পাহাড়িদের জন্য পযাশু ট্রাণের ব্যবস্থা করারও দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)